মুগান্ত্র

মুকসুদপুরে ৫৮ জেএসসি পরীক্ষার্থী পরীক্ষা দিল রাতে

প্রকাশ : ০৪ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



📤 টেকেরহাট (মাদারীপুর) প্রতিনিধি

গোপালগঞ্জের মুকসুদপুরে খ্রিস্টান ধর্মের সেভেনথ ডে অ্যাডভেন্টিস্ট চার্চ অব বাংলাদেশ (কেএমএমএস) কেলগমুখার্জী সেমিনারি মিশনের ৫৮ পরীক্ষার্থী শনিবার রাতে জেএসসির বাংলা প্রথম পরীক্ষা দিল। এর মধ্যে ২৩ জন ছাত্র ও ৩৫ জন ছাত্রী রয়েছে।

জলিরপাড কেলগমুখার্জী সেমিনারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক লিটন শ্যামল হালদার জানান, খ্রিস্টান ধর্মীয় বিধানমতে শনিবার দিনের বেলায় লেখা নিষেধ। তাই বোর্ডের অনুমতিক্রমে মুকসুদপুর উপজেলার জলিরপাড় জেকেএমবি মল্লিক উচ্চ বিদ্যালয় কেন্দ্রে তাদের বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জেএসসি পরীক্ষা সন্ধ্যা ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত নেয়া হবে। ২০১৯ সালের জেএসসি পরীক্ষার রুটিন অনুসারে দুটি বিষয়ের পরীক্ষা শনিবার হবে। ওই দুই শনিবার এসব পরীক্ষার্থীরা রাতে পরীক্ষা দেবে। এছাড়া অন্য পরীক্ষার্থীদের সঙ্গে ওই ৫৮ জন পরীক্ষার্থীদেরও সকাল ৯টায় কেন্দ্রে প্রবেশ করতে হবে। এ সময় তারা ওই কেন্দ্রের একটি নির্দিষ্ট কক্ষে থাকবে এবং রাত ৯টার পর পরীক্ষা শেষে কেন্দ্র থেকে বের হবে।

খ্রিস্টান ধর্মের ওই পরীক্ষার্থীরা জানায়, ধর্মীয় বিধান অনুসারে আমাদের শনিবার দিনের বেলায় কোনো কিছু লেখা নিষেধ। তাই বোর্ডের অনুমতিক্রমে দুটি শনিবার রাতে জেএসসি পরীক্ষা দেয়ার সুযোগ পেয়ে আমরা আনন্দিত।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুডিল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স: ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বতু স্বত্যাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাডা ব্যবহার বেআইনি।